

বর্ষাকাল-২ : ক্লাস ৩

(এমডি২এনডি৯)

আষাঢ় ও শ্রাবণ এই দুই মাস বর্ষাকাল। গরমকালের পর বর্ষাকাল আসে। বৃষ্টির জল পেয়ে গাছপালা সতেজ সবুজ হয়ে ওঠে। আকাশ কালো মেঘে ঢেকে থাকে, সূর্যের মুখ দেখা যায় না। থেকে থেকে মেঘ গর্জে ওঠে, বিদ্যুৎ চমকায় আকাশে। অবিরাম বৃষ্টি পড়ে, কখনো রিম্‌রিম্, কখনো ঝম্‌ঝম্ শব্দে। নদী-নালা-খাল-বিল সব ভরে যায়। কখনো কখনো একটানা বর্ষণে রাস্তায় জল জমে যায়। আমার খুব ইচ্ছে করে ওই জলে নেমে কাগজের নৌকা ভাসাতে।

(ক) আরকেড ২০১৪